



ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

প্লে, নার্সারি ও কেজি শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

সিপিএসসিআর/১২৩/০১/প্রশাসন

তারিখ : ২৯ অক্টোবর ২০২৪

১। মাননীয় সেনাপ্রধান ও সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক মহোদয়ের আলোকিত মানুষ তৈরির উদ্যোগ হিসেবে পরিচালনা পর্ষদ নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করায় পুনরায় ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুরে প্লে, নার্সারি ও কেজি শ্রেণিতে ২০২৫ সালের জন্য ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নে দেয়া হলো:

- (ক) ভর্তি ফরমের মূল্য সকলের জন্য (সামরিক/বেসামরিক) ১০০০/- (এক হাজার) টাকা।
- (খ) প্রসপেক্টাস এর মূল্য সকলের জন্য (সামরিক/বেসামরিক) ৩০০/- (তিনশত) টাকা।
- (গ) দি ট্রাস্ট ব্যাংক লিঃ রংপুর শাখায় ভর্তি ফরম ও প্রসপেক্টাস পাওয়া যাবে।
- (ঘ) প্রার্থীর বয়স ০১ জানুয়ারি ২০২৫ তারিখে প্লে শ্রেণির জন্য বয়স ৩⁺, নার্সারি শ্রেণির জন্য বয়স ৪⁺ এবং কেজি শ্রেণির জন্য বয়স ৫⁺ হতে হবে।

(ঙ) ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ও ০২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে। সামরিক সদস্যের সন্তানদের ক্ষেত্রে স্ব স্ব ইউনিট অধিনায়ক কর্তৃক প্রদত্ত বয়সের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

(চ) ভর্তি ফরম সংগ্রহ ও জমাদানের তারিখ: ১৭ নভেম্বর ২০২৪ তারিখ থেকে ২৮ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত।

(ছ) ভর্তি সংক্রান্ত অন্যান্য যাবতীয় তথ্যাদি প্রবেশ পত্রে দেয়া হবে।

(জ) সামরিক বাহিনীর সদস্য (কর্মরত/অবসরপ্রাপ্ত), সামরিক বাহিনীতে কর্মরত বেসামরিক ব্যক্তিবর্গ যারা প্রতিরক্ষা বাজেট হতে বেতনভুক্ত ও অত্র প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীগণ স্ব স্ব ইউনিট/প্রতিষ্ঠান থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহ করে ব্যাংকে প্রদান সাপেক্ষে সামরিক ভর্তি ফরম সংগ্রহ করতে পারবেন।

(ঝ) ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর এর ওয়েব সাইট www.cpscr.edu.bd থেকে ভর্তি ফরম ডাউনলোড করা যাবে। এ ক্ষেত্রে অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুরের বরাবর দি ট্রাস্ট ব্যাংক লিঃ রংপুর শাখার অনুকূলে ১৩০০/- (এক হাজার তিনশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে।

বিঃ দ্রঃ

প্রতিষ্ঠানে ভর্তি সংক্রান্ত বিষয়ে প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত কার্যক্রমে কোন প্রকার ডোনেশন/আর্থিক অনুদান গ্রহণ করা হয় না। এ ক্ষেত্রে কোন অভিভাবক আর্থিক বা অন্য কোন বিষয়ে প্রতারক/দালাল কর্তৃক প্রতারণার স্বীকার হলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এর জন্য দায়ী থাকবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট অভিভাবকগণকে সতর্ক থাকার জন্য বিশেষ পরামর্শ দেয়া হলো।

অধ্যক্ষ
ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ
রংপুর